

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে সরস্বতী পূজা উদযাপিত

সারাদেশের ন্যায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সরস্বতী পূজা উদযাপন পরিষদের উদ্যোগে গত ১ ফেব্রুয়ারি ২০১৭ইং তারিখ, বুধবার, সকাল ৮টা ৩০ মিনিটে শুক্লা পক্ষের শ্রী পঞ্চমী তিথিতে অত্র বিশ্ববিদ্যালয়ের বি ব্লকের সামনে বটতলে কল্যাণময়ী বিদ্যাদেবীর বন্দনায় ব্রতের উদ্দেশ্যে শ্রী শ্রী সরস্বতী পূজা-অর্চনার আয়োজন করা হয়। কল্যাণময়ী বিদ্যাদেবীর বন্দনায় অনুষ্ঠানের মধ্যে ছিল পূজা-অর্চনা, পুষ্পাঞ্জলি ও প্রসাদ বিতরণ। এছাড়াও ছিলো মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাংলাদেশ মেডিক্যাল এ্যাসোসিয়েশনের সভাপতি ও সাবেক সংসদ সদস্য ডা. মোস্তফা জালাল মহিদ্দিন, অত্র বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. এএসএম জাকারিয়া স্বপন, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোঃ আলী আসগর মোড়ল, রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান, প্রক্টর অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান দুলাল, পরিচালক (হাসপাতাল) ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন, সরস্বতী পূজা উদযাপন পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি অধ্যাপক ডা. সজল কৃষ্ণ ব্যানার্জী, পরিষদের উপদেষ্টামণ্ডলীর সদস্য ও এ্যানেসথেশিওলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. দেবব্রত বনিক, পরিষদের সাধারণ সম্পাদক ও সহযোগী অধ্যাপক ডা. চঞ্চল কুমার ঘোষ প্রমুখ।

মাননীয় উপাচার্য-এর সাক্ষ্যকালীন হাসপাতাল রাউন্ড

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান গত ৩১ জানুয়ারি ২০১৭ইং তারিখে সাক্ষ্যকালীন রাউন্ড দেন। মাননীয় উপাচার্য কেবিন ব্লকে চিকিৎসাধীন বিভিন্ন রোগীর সাথে কথা বলেন ও তাঁদের চিকিৎসার খোঁজ-খবর নেন। এসময় উপস্থিত ছিলেন সম্মানিত রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান, পরিচালক (হাসপাতাল) ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন, পরিচালক (পরিদর্শন) অধ্যাপক ডা. একেএম সালেহ, চীফ এস্টট অফিসার ডা. একেএম শরীফুল ইসলাম প্রমুখ।